Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 27 April, 2025

একুশে পদকপ্রাপ্ত দৈনিক আমার দেশের সম্পাদক ডঃ মাহমুদুর রহমানসহ সাংবাদিকদের বিরুদ্ধে  ফ্যাসিবাদের দোসর মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা কামাল কর্তৃক মিথ্যা ও হয়রানি মূলক মামলা করার প্রতিবাদে ও তার বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবিতে নোয়াখালী প্রেসক্লাবের সামনে ঘন্টা ব্যাপী মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার (২৭ এপ্রিল) বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত নোয়াখালী প্রেস ক্লাবের সামনে "আমার দেশ" পাঠক মেলা, নোয়াখালী প্রেসক্লাব ও নোয়াখালী সাংবাদিক ইউনিয়নের যৌথ আয়োজনে এ কর্মসূচি পালন করা হয়।মানববন্ধনে সংহতি জানিয়েছেন নোয়াখালীতে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ, আইনজীবী, রাজনৈতিক ব্যক্তিত্ব ছাত্র প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণী পেশার শত শত মানুষ।

আমার দেশ এর নোয়াখালী প্রতিনিধি আজাদ ভূঁইয়ার সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন নোয়াখালী জেলা বিএনপির আহবায়ক মাহবুব আলমগীর আলো, নোয়াখালী আইনজীবী সমিতির সাবেক সভাপতি এডভোকেট আব্দুর রহিম, দৈনিক সংগ্রামের নোয়াখালী প্রতিনিধি ডাক্তার বোরহান উদ্দিন, বৈশাখী টেলিভিশনের নোয়াখালী প্রতিনিধি লিয়াকত আলী খান, এডভোকেট রবিউল হাসান পলাশ, সময় টিভি নোয়াখালী স্টাফ রিপোর্টার সাইফুল্লাহ কামরুল, সাপ্তাহিক চলতিধারা'র সম্পাদক এমবি আলম, নোয়াখালী টিভি সাংবাদিক ফোরামের সভাপতি তাজুল ইসলাম মানিক, নিউজ □□ নোয়াখালী প্রতিনিধি আকবর হোসেন সোহাগ, যমুনা টেলিভিশনের নোয়াখালী প্রতিনিধি মোতাসিম বিল্লাহ সবুজ, দৈনিক কালবেলার

নোয়াখালী প্রতিনিধি মোজাম্মেল হোসেন, জনকণ্ঠের মাল্টিমিডিয়া নোয়াখালী প্রতিনিধি শাহাদাত হোসেন বাবু, আলোকিত প্রতিদিনের নোয়াখালী প্রতিনিধি একেএম ফারুক হোসেন।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, দৈনিক সচিত্র নোয়াখালী সম্পাদক আমিরুল ইসলাম হারুন, আজকাল পত্রের সম্পাদক সাজ্জাদ হোসেন, কোম্পানীগঞ্জ প্রতিনিধি এ কে এম আনোয়ার তোহা, সাংবাদিক নুর রহমান, আমার দেশের চাটখিল প্রতিনিধি কামরুল কানন, সাংবাদিক এসএম রিজোয়ান, জুয়েল রানা লিটন, এম এস জামাল, নাসিম শুভ, গোলাম কিবরিয়া রাহাত প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন ড. মাহমুদুর রহমান একজন দেশ প্রেমিক মজলুম সম্পাদক।তিনি চাচ্ছা জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধের একজন অগ্রসৈনিক। তিনি আধিপত্যবাদের বিরুদ্ধে সব সময় সোচ্চার আছেন। ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসর মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোস্তফা মোস্তফা কামালের দৃষ্টতার জন্য, কামালসহ তার সকল সহযোগীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানিয়েছেন বক্তাগণ। বিগত আওয়ামী দুঃশাসনের আমলে আমার দেশ সত্য লিখার দায়ে, মিথ্যা মামলায় তিনি বারবার কারা নির্যাতনের শিকার হয়েছেন।ফ্যাসিস্ট শেখ হাসিনার আজ্ঞাবহ প্রশাসন ও আদালত ফরমায়েসি রায় দিয়ে বছরের পর বছর জেলে বন্দি করে রেখেছেন অবর্ণনীয় নির্যাতন করেছেন মাহমুদুর রহমানকে। দীর্ঘ সময় আমার দেশ বন্ধ রেখে পত্রিকার বিশাল ক্ষতিসাধন করেছেন। আমার দেশ সম্পাদক ও সাংবাদিকদের সকল ক্ষতিপূরণ দেওয়ার জোর দাবি জানিয়েছেন বর্তমান বিপ্লবী সরকারের নিকট। আওয়ামীলীগ এমন কোন অপকর্ম করেনি এদেশের গণমাধ্যম ও মাহমুদ রোমানকে শেষ করে দেওয়ার জন্য। শেখ হাসিনার লেলিয়ে দেওয়া সন্ত্রাসী বাহিনী মাহমুদুর রহমানকে হত্যার চেষ্টায় বারবার সন্ত্রাসী হামলা চালিয়েছিল।আমার দেশ ও মাহমুদুর রহমানের উপর সকল সন্ত্রাসী হামলা মিথ্যা মামলা ও হামলাকারীদের গ্রেফতার করে আইনের আওতায় এনে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানিয়েছেন বক্তাগণ।

নোয়াখালী প্রেসক্লাব একুশে পদক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:21

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758071523